



Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

November 21, 2011

Bangladesh Embassy in Washington DC observes Armed Forces Day

The Embassy of Bangladesh in Washington DC observed the **Armed Forces Day** today (November 21,2011) with due solemnity and enthusiasm to mark the 40th anniversary. On this day in 1971, Army, Navy and Air force combinedly launched their attack during our glorious war of independence against the occupation forces. In order to commemorating the day, the Embassy hosted a reception at the Bangabandhu Auditorium. Md Jashim Uddin, Charge D' Affaires and Brigadier General Mohammad Abdul Moeen, ndc, psc, Defense Attache' welcomed the guests.

Md Jashim Uddin, in his welcome remarks, paid rich tribute to the martyrs including the members of the Armed Forces who had made supreme sacrifices for the independence of the country. The Charge d' Affaires also paid deep respect to the Father of the Nation Bangabandhu [Sheikh Mujibur Rahman](#) for his contribution to build a modern [armed force](#) for the newly independent country. He said that the armed forces of Bangladesh have contributed tremendously particularly in the fields of disaster management, infrastructure development and preparation of the computerized National Identity Cards in the country. He recalled the pioneering role of the Bangladesh armed forces under the UN Peace-keeping Missions which brightened the image of Bangladesh abroad. Earlier, the Defense Attaché gave a brief resume on the role of the Bangladesh armed forces since its inception.

On the sideline of the reception, there was a video presentation on the glorious role of the Bangladesh armed forces both in nation-building and in peace-keeping around the world.

A good number of guests attended the event which included Ambassadors, Defense Attaches, members of the [diplomatic corps](#), US dignitaries including high officials from [the Pentagon](#) and State Department, representatives from media, members of the Bangladesh Community and officers of the Mission.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : pressministerwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

নভেম্বর ২১, ২০১১

বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন ডিসিতে সশস্ত্র বাহিনী দিবস উদযাপিত

যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে অদ্য ২১ নভেম্বর ২০১১ তারিখে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে ৪০তম সশস্ত্র বাহিনী দিবস পালিত হয়। ১৯৭১ সালের এ দিনে বাংলাদেশের গৌরবোজ্জ্বল স্বাধীনতা সংগ্রামে আর্মি, নেভী ও বিমানবাহিনী যৌথভাবে পাকিস্তান হানাদার বাহিনীর বিরুদ্ধে আক্রমণ পরিচালনা করে। এ দিনটির স্মরণে প্রতিবছর বাংলাদেশ সশস্ত্র বাহিনী দিবস হিসেবে পালন করে থাকে। এ উপলক্ষ্যে বাংলাদেশ দূতাবাস বঙ্গবন্ধু অডিটোরিয়ামে এক সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে। বাংলাদেশ দূতাবাসের চার্জ দ্য এ্যাফেয়ার্স জনাব মোঃ জসীম উদ্দিন এবং ডিফেন্স এ্যাটাচি ব্রিগেডিয়ার জেনারেল জনাব মোহাম্মদ আবদুল মঈন, এনডিসি, পিএসসি, অভ্যাগত অতিথিদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখেন।

জনাব জসীমউদ্দিন তাঁর স্বাগত বক্তব্যে সশস্ত্র বাহিনীর সদস্যসহ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে শহীদ সকলের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সদ্য স্বাধীনতাপ্রাপ্ত বাংলাদেশে একটি আধুনিক সশস্ত্র বাহিনী গড়ে তুলতে অবিস্মরণীয় অবদানের জন্য তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, বাংলাদেশ সশস্ত্র বাহিনী প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, অবকাঠামোগত উন্নয়ন এবং কম্পিউটারাইজড জাতীয় পরিচয়পত্র তৈরীতে বিশেষ ভূমিকা পালন করেছে। তিনি আরও উল্লেখ করেন বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদস্যগণ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অগ্রণী ভূমিকা পালনের মাধ্যমে বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি বহুলাংশে উজ্জ্বল করেছে। জনাব জসীম উদ্দিনের বক্তব্যের পূর্বে ডিফেন্স এ্যাটাচী সশস্ত্র বাহিনী সৃষ্টির শুরু থেকে এ বাহিনীর ভূমিকা সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ দেন।

মূল অনুষ্ঠানের পাশাপাশি জাতি গঠনে এবং বিশ্বব্যাপী জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর উজ্জ্বল ভূমিকা সম্পর্কে একটি প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে রাষ্ট্রদূত, ডিফেন্স এ্যাটাচী, ডিপ্লোমেটিক কোরের সদস্য, মার্কিন পররাষ্ট্র দপ্তর ও পেন্টাগনের উচ্চ পদস্থ কর্মকর্তা, মিডিয়া প্রতিনিধি, প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশ দূতাবাসের সকল কর্মকর্তা/কর্মচারীসহ অনেক অতিথি উপস্থিত ছিলেন।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : pressministerwash@yahoo.com